



পাকুন্দিয়া পৌরসভা কার্যালয়

উপজেলা : পাকুন্দিয়া, জেলা : কিশোরগঞ্জ।

স্মারক নং-পাকু/পৌর/প্রশা/২০২২/২৫ -৭

তারিখঃ ২২/০২/২০২২খ্রিঃ

অফিস আদেশ


স্থানীয় সরকার পৌরসভার আইন ২০০৯ এর ধারা ৫৫ অনুসারে ৩০/০১/২০২২খ্রিঃ তারিখের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী আড়াই বৎসরের জন্য নিম্নরূপ স্থায়ী কমিটি গঠন করা হল।

কর নিরূপন ও আদায় বিষয়ক কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব নাছির উদ্দিন	কাউন্সিলর ওয়ার্ড নং ০৪	সভাপতি
০২	জনাব মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ	মেয়র	সদস্য
০৩	জনাব মোঃ রাকিবুল আলম	কাউন্সিলর ওয়ার্ড নং ০২	সদস্য
০৪	বেগম মোছাঃ নাছরিন আক্তার (খ্রিয়া)	কাউন্সিলর সংরক্ষিত আসন -১,২,৩	সদস্য
০৫	বেগম মোছাঃ আফরোজা খাতুন	কাউন্সিলর সংরক্ষিত আসন -৭,৮,৯	সদস্য

কমিটির কার্যপরিধি :

- ১। কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;
- ২। সরকারী নীতিমালার সাথে সমন্বিতবিধান করিয়া কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;
- ৩। কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর চূড়ান্তকরণ বিষয়ে মতামত প্রদান করা;
- ৪। কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ৫। সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;
- ৬। অন্তর্ভুক্তি কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করা ও দিক নির্দেশনা প্রদান করা।
- ৭। কর সংক্রান্ত ভাটাবেইজ তৈরী ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৮। কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;
- ৯। কর সংক্রান্ত আপত্তি শুনানি গ্রহণপূর্বক দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা;
- ১০। কর প্রদান ও সেবা গ্রহন বিষয় পৌরসভা ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসাব কাজ করা;
- ১১। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন উৎস খোঁজকরণ;
- ১২। কর নিরূপন ও আদায় কাজ যত্নেতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩। পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফটওয়্যার চালু করা এবং অব্যাহত রাখা;
- ১৪। কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসাবে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) কে কো-অপট করিতে পারিবে;
- ১৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।


২২-০২-২০২২
(মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ)

মেয়র
পাকুন্দিয়া পৌরসভা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে

- ১। জনাব-----কাউন্সিলর (সকল) পাকুন্দিয়া পৌরসভা।
- ২। সচিব, পাকুন্দিয়া পৌরসভা।
- ৩। সহকারী প্রকৌশলী, পাকুন্দিয়া পৌরসভা।